

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.১৩৫

তারিখ: ৫ পৌষ ১৪২৯

২০ ডিসেম্বর ২০২২

বিষয়: ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তাদের খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রমের যাচাইয়ের বিল ৩১ ডিসেম্বর ২০২২ এর মধ্যে প্রদান।

সূত্র: (ক) খাদ্য মন্ত্রণালয়ের ০৪/১১/২০২২ তারিখের স্মারক নং ৪১৬

(খ) অত্র দপ্তরের ১১/০৯/২০২২ তারিখের স্মারক নং ৬২৫

(গ) অত্র দপ্তরের ২৫/১০/২০২২ তারিখের স্মারক নং ৭৪৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সারাদেশে গত এপ্রিল/২২ মাস হতে শুরু হওয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম গত ১৭/১০/২০২২ তারিখে সমাপ্তি এবং যাচাইয়ে বাদ পড়া ভোক্তার স্থলে নতুন ভোক্তার অর্ন্তভুক্তির বিষয়ে সূত্রস্থ 'ক' স্মারকে খাদ্য মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত কার্যক্রমে ইউডিসি উদ্যোক্তার মাধ্যমে ভোক্তাদের উপস্থিতিতে জাতীয় পরিচয়পত্র যাচাই, ছবি তোলা, শুদ্ধ এন্ড্রির মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির প্রকৃত ভোক্তাদের ডাটাবেজ প্রণয়নের জন্য ভোক্তা প্রতি ডাটা এন্ড্রিতে ইউডিসি উদ্যোক্তাকে ১৫ (পনেরো) টাকা প্রদানের নিমিত্ত সূত্রস্থ 'খ' স্মারকে চলতি ২০২২-২৩ অর্থবছরে সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/আয়ন ও ব্যয়ন কর্মকর্তার অনুকূলে প্রাতিষ্ঠানিক বাজেটের কোড নং ১৪৮০২০৪-০০০০০০-৪১১৩৩০২ 'ডাটাবেজ' ব্যয় খাতে উপজেলাওয়ারী ভোক্তা সংখ্যার হিসেবে অর্থ বরাদ্দ প্রদান করা হয়। এছাড়া অত্র দপ্তরের সূত্রস্থ 'গ' স্মারকে বিল প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় প্রক্রিয়া সম্পর্কে সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা হলেও এখনো বিভিন্ন জেলার অনেক ইউডিসি উদ্যোক্তাদের বিল প্রদান করা হয় নি মর্মে জানানো হয়। যা কোন ভাবে কাম্য নয়। যথাসময়ে বিল প্রদান করা না হলে মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট খাতে বাজেট বরাদ্দ কেটে নেয়ার সমূহ সম্ভবনা রয়েছে। সেক্ষেত্রে, এ খাতে ভবিষ্যতে বিল প্রদানের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হতে পারে।

এমতাবস্থায়, আগামী ৩১/১২/২০২২ এর মধ্যে যাচাইকৃত ভোক্তা সংখ্যা অনুযায়ী নির্ধারিত হারে বিল প্রদান পূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২০-১২-২০২২

তপন কুমার দাস

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০

ইমেইল: dsdm@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.১৩৫/১(৬৬)

তারিখ: ৫ পৌষ ১৪২৯
২০ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),

২০-১২-২০২২

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক